গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রেড ক্রিসেন্ট বোরাক
টাওয়ার, রমনা, ঢাকা-১০০০।

নম্বর ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.৩২২

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

সভার নোটিশ

বিষয়: সিটিজেন চার্টার- এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভা।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআসিএ) এর সিটিজেন চার্টার- এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভা আগামী ২৪ নভেম্বর ২০২১ তারিখ বুধবার বিকাল ০৩:০০ ঘটিকায় এনটিআসিএ এর সদস্য (প্রশাসন ও অর্থ) মহোদয় এঁর সভাপতিত্বে এনটিআসিএ এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এনটিআসিএ এর সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সদস্যগণকে স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। সভার আলোচ্য সূচি:
(ক) এনটিআরসিএ'র প্রণীত সিটিজেন্স চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ;
(খ) সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পর্যবেক্ষণ;
(গ) শিক্ষক নিবন্ধন সনদ যাচাই সংক্রান্ত;
(ঘ) কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটি সংক্রান্ত;
(ঙ) বিবিধ।

২৩-১১-২০২১
লুৎফর রহমান
সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়)
ফোন: ০২-৪১০৩০১২৭
ইমেইল:
lutforrahman.a@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ)

## সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)- এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম জাকির হোসেন<br>সদস্য (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ২৪ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | বিকাল ০৩: ০০ টা |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হল। |

সভাপতি, উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি, সভার সদস্য ও সিটিজেনস্ চার্টারের ফোকাল পয়েন্টকে আলোচ্যসূচি অনুসারে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের আহবান জানান। উপস্থাপিত বিষয়ের উপর আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (ক) | এনটিআরসিএ'র প্রণীত সিটিজেন্স চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ প্রসঙ্গে | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে এনটিআরসিএ এর ওয়েবসাইটে হালনাগাদকৃত এবং আপলোডকৃত সিটিজেন্স চার্টারের অতিরিক্ত দুটি সেবা অন্তর্ভূক্ত করা যায়।<br>(১) তিনি বলেন, এনটিআরসিএ'র অধীনে অনুষ্ঠিত শিক্ষক নিবন্ধন পরীক্ষা পরিচালনার ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ পূর্বে চেকের মাধ্যমে প্রদান করা হতো। বর্তমানে চেকের এর পরিবর্তে EFT এর মাধ্যমে পরীক্ষা পরিচালনার জন্য বরাদ্দকৃত অর্থ জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারগণকে প্রেরণ করা হয়। এতে সেবা প্রত্যাশীগণকে সহজে সেবা প্রদান করা সম্ভব হয়। এই সেবাটি সিটিজেন্স চার্টারের অন্তভূক্ত করা যেতে পারে।<br>(২) তিনি আরো বলেন শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নকারী, পরীক্ষক এবং প্রধান পরীক্ষকগণ কে তাদের কাজের সম্মানী পূর্বে চেকের মাধ্যমে প্রেরণ করা হতো। বর্তমানে EFT এর মাধ্যমে উক্ত কাজের সম্মানি প্রেরণ করা যায় ফলে প্রশ্নপত্র প্রণয়নকারী পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণ অতি দ্রুত সম্মানির অর্থ পেয়ে থাকেন। উক্ত সেবাটি ও সিটিজেন্স চার্টারে অন্তভূক্ত করা যেতে পারে। উপস্থিত সকল সদস্য এই বিষয়ে একমত পোষণ করেন। | (১) পরীক্ষা পরিচালনার ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারগণকে EFT এর মাধ্যমে প্রেরণের বিষয়টি সিজিজেন্স চার্টারে অন্তর্ভূক্ত করতে হবে।<br>(২) প্রশ্নপত্রে প্রণয়নকারী, পরীক্ষক ও প্রধান পরীক্ষক গণের সম্মানি EFT এর মাধ্যমে প্রেরণের বিষয়টি সিটিজেন্স চার্টারে অন্তর্ভূক্ত করতে হবে। | পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| (খ) | শিক্ষক নিবন্ধন সনদ যাচাই সংক্রান্ত | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, এনটিআরসিএ'র সিটিজেন্স চার্টারে প্রতিশ্রুত একটি সেবা হলো শিক্ষক নিবন্ধন সনদ যাচাই। বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তাদের প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের নিবন্ধন সনদ যাচাইয়ের জন্য এনটিআরসিএ দপ্তরে প্রেরণ করেন। এনটিআরসিএ কর্তৃক উক্ত সনদসমূহ যাচাই করে যাচাই প্রতিবেদন এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং প্রতিষ্ঠান প্রধানের ই-মেইল নাম্বারে প্রেরণ করা হয়। সভায় বিষয়টি পর্যালোচনা করা হয় এবং উক্ত কাজটি সিটিজেন্স চার্টারের উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে সম্পন্ন করা হয় মর্মে অভিমত প্রকাশ করা হয়। সভাপতি মহোদয় বলেন সনদ যাচাইয়ের কাজটি পরিবীক্ষণ কমিটি কর্তৃক পর্যবেক্ষণ করা প্রয়োজন। | শিক্ষক নিবন্ধন সনদ যাচাইয়ের কাজটি পরিবীক্ষণ কমিটি কর্তৃক পর্যবেক্ষণ নিশ্চিত করতে হবে। | পরিবীক্ষণ কমিটি |
| (গ) | কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটি সংক্রান্ত | সচিব, এনটিআরসিএ সভাকে অবহিত করেন যে, অভ্যন্তরিণ সেবা হিসেবে একার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটি প্রদানের ক্ষেত্রে বিধি অনুসরণ করা হয় কিনা এবং ছুটির হিসাব সঠিকভাবে সংরক্ষণ করা হয় কিনা তা পর্যবেক্ষণ করা প্রয়োজন। | ছুটি বিধিমালা-১৯৫৯ যথাযথ ভাবে পালন করতে হবে। | পরিবীক্ষণ কমিটি |
| (ঘ) | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পর্যবেক্ষণ | সভাপতি মহোদয় সিটিজেন্স চার্টারের অন্তর্ভূক্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবায় উল্লিখিত সকল সেবা প্রদান কার্যক্রম যেন সুষ্ঠভাবে নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হয় সে বিষয়ে আলোকপাত করেন। সভায় বিস্তারিত আলোকপাতে সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | এনটিআরসিএ'র সিটিজেন্স চার্টারে প্রতিশ্রুত সেবা সমূহ সঠিক পদ্ধতিতে নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। | পরিবীক্ষণ কমিটি |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Hossain

এ এস এম জাকির হোসেন
সদস্য (প্রশাসন ও অর্থ )

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.৩৬৩

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (প্রশাসন ও অর্থ ), সদস্য (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

২) সচিব , সচিব এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৩) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৪) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৫) সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন